Times Today BD

অভিজিৎ মজুমদার | জেলার খবর | 26 March, 2025

নাটোরের বাগাতিপাড়ায় এক তরুণীকে সংঘবদ্ধ ধর্ষণের অভিযোগে চার যুবককে গ্রেফতার করেছে পুলিশ। মঙ্গলবার (২৫ মার্চ) বিকেলে সিংড়া উপজেলার খেজুরতলা এলাকার একটি থাই গ্লাসের দোকান থেকে তিনজন এবং রাতে বাগাতিপাড়ার উপর হাটদোল গ্রামে নিজ বাড়ি থেকে আরও একজনকে আটক করা হয়।

গ্রেফতারকৃতরা হলেন–বাগাতিপাড়ার কাকফো পুরাতনপাড়া গ্রামের সাদেক আলীর ছেলে মেহেদী হাসান (১৯), উপর হাটদোল গ্রামের বিচ্চাদ আলীর ছেলে মেহেদী হাসান রনি, একই গ্রামের মান্নান আলীর ছেলে রাজিব হোসেন (২২) এবং সিংড়ার আকপাড়া-শেরকোল এলাকার রুহুল আমিনের ছেলে গোলাম মোস্তফা (২০)।

মামলার তথ্য অনুযায়ী, ভুক্তভোগী তরুণীর সঙ্গে মোবাইল ফোনে পরিচয়ের মাধ্যমে প্রেমের সম্পর্ক গড়ে তোলে অভিযুক্ত মেহেদী হাসান। ঘটনার দিন, দেখা করার কথা বলে রাতে তরুণীর বাড়িতে (টেটনপাড়া) গিয়ে তার সঙ্গে শারীরিক সম্পর্ক স্থাপন করে সে। কিছুক্ষণ পর সেখানে আসে মেহেদীর তিন বন্ধু। তারা দাবি করে, তাদের কাছে মেহেদী ও ওই তরুণীর ঘনিষ্ঠ মুহূর্তের ভিডিও রয়েছে। এরপর তারা ভয় দেখিয়ে পালাক্রমে ধর্ষণ করে তরুণীকে।

পরে মুখ বন্ধ রাখার শর্তে মেহেদী বিয়ের আশ্বাস দিলেও, ঘটনার পর থেকে তরুণীর সঙ্গে যোগাযোগ বন্ধ করে দেয়। বাধ্য হয়ে ভুক্তভোগী তার পরিবারকে বিষয়টি জানায়। এরপর মঙ্গলবার থানায় এসে চার যুবকের বিরুদ্ধে মামলা করেন তরুণীর মা।

বাগাতিপাড়া মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম জানান, নারী ও শিশু নির্যাতন দমন আইনে দায়ের করা মামলার ভিত্তিতে অভিযুক্ত চারজনকে গ্রেফতার করা হয়েছে। তাদের আদালতে পাঠানো হবে এবং ভুক্তভোগীর ডাক্তারি পরীক্ষা শেষে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

ধর্ষণ তরুণী গ্রেফতার পুলিশ তরুণী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 25 April, 2025 00:01

URL: https://timestodaybd.com/countrywide/77580723